উপজেলা পরিষদ

কাহালু, বগুড়া।

বিষয় ঃ কাহালু উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আল্ হাসিবুল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

সভার তারিখ ঃ ১২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাহালু।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভাপতি সভায় উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়াকে অনুরোধ জানান। তিনি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন।

০২। পূর্ববর্তি সভার কার্যবিবরণি পঠন ও অনুমোদন ঃ

সভায় গত ১৫ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৩। বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| ক্রঃ নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি কর্মকর্তা/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| (০১) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কাহালু সভায় জানান কাহালু উপজেলায় গত জুলাই ২০২১ মাসে বহি বিভাগে ৬৩১২, আন্ত: বিভাগে ২৯৮ জন, জরুরী বিভাগে ৫৯৩ জন, ০৪ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ৫৬১২ জন, ২৭ টি কমিউনিটি ক্লিনিকে- ২০৭২৫ জন, স্বাভাবিক ডেলিভেরী ০৬ জন, এক্সরে রোগীর সংখ্যা ৩৪ জন, আল্ট্রাসনোগ্রাম ০০ জন, ইসিজি রোগীর সংখ্যা ৫৭ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা- ৯৯ জন, মল- ১৮, মূত্র- ৮০, রক্তের রুটিন ১২৭, রক্তের গ্রুপ ১২, রক্তের সুগার ৬৩, ভেডাল টেস্ট ১৮, প্রেগেনেনসী টেস্ট- ১২ এবং ২৮০ জনের কফ পরীক্ষা করে ৩৭ জনকে যক্ষার চিকিৎসার আওতায় আনা হয়েছে। এছাড়াও তিনি আরও জানান, ইপিআই এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ জনসাধারণকে যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কাহালু, বগুড়া। |
| (০২) | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, গত জুলাই ২০২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা- ৫৫৮২৫ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারির সংখ্যা- ৪৬৬৪৫ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারির হার- ৮৩.৫০%। খাবার বড়ি- ২৪১৮০ জন, কনডম- ৪৩৬০ জন, ইনজেকটেবল (ডিপো প্রভেরা)- ৫৬৭২ জন, আইইউডি (কপারটি)- ১০৮০ জন, ইমপ্লান্ট- ৪০৩১ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৩৭৪৭ জন ও স্থায়ী পদ্ধতি (মহিলা)- ৭১২০ জন। এছাড়াও কাহালু উপজেলায় গর্ভবতি মহিলার সংখ্যা ১২১১ জন, গর্ভবতি মায়ের যত্ন নেয়া হয়েছে ৭৫১ জন, জীবিত জন্মের সংখ্যা ২২১ জন। মোট সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৪২৪৫ জন। প্রতিমাসে ৭২ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গ্রাম পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ২৭ টি কমিউনিটি ক্লিনিকে পরিবার পরিকল্পনা স্বাস্থ্য এমসিএইচ-এফপি সেবা প্রদান করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাহালু বগুড়া। |
| (০৩) | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর এ উপজেলায় বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া- ২৫০ মেঃ টন, টিএসপি- ৬০ মেঃ টন, এমওপি- ১১০ মেঃ টন এবং ডিএপি ২০০ মেঃ টন। এছাড়াও ইউরিয়া সার বস্তা প্রতি ৮০০ টাকা টিএসপি- ১১০০ টাকা, এমওপি ৭৫০ টাকা এবং ডিএপি ৮০০ টাকা হিসেবে বাজারে বিক্রয় হচ্ছে। এ উপজেলায় রোপা আমন ১৮৪০০ হেঃ, অর্জিত হয়েছে ১৮৪০০ হেঃ শাকসবজী ৪৫০ হেঃ, ভার্মি কম্পোস্ট ০৩টি, পারিবারিক কৃষি আওতায় সবজি পুষ্টি বাগান স্থাপন ২৮৮টি, সেক্স ফেরোমন ০৬টি, রাজস্ব রোপা আমন প্রদর্শনী ২০টি তেল ফসল সম্প্রসারণ প্রকল্প রোপা আমন প্রদর্শনী- ৩৫ টি, এনএটিপি-২ প্রকল্পের রোপা আমন প্রদর্শনী ২৭টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে ধান বীজ উৎপাদন ০৮টি | ১) মাঠে ফসলের ফলন ভাল পাওয়ার জন্য উন্নতমানের বীজ সরবরাহ ও সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>২) সারের সরবরাহ সাপেক্ষে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, কাহালু বগুড়া। |
| (০৪) | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাহালু সভায় জানান যে, মুরগীর দাম বাজারে বর্তমানে খুব কম। খামারীরা এতে খুবই ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি আরও জানান, নিরাপদ খাদ্য উৎপাদন করতে না পারলে জনগন ক্ষতিগ্রস্থ হবে। এছাড়াও তিনি জানান নিরাপদ খাদ্য উৎপাদনে মোবাইল কোর্টের সহযোগিতা পেলে নিরাপদ খাদ্য উৎপাদন করা সহজ হবে। তিনি আরও জানান, উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের কৃত্রিম প্রজনন ও টিভিডি ভবন ০২টি ব্যবহারের অনুপযোগী হয়েছে এবং উপজেলা প্রকৌশলী, কাহালু কর্তৃক উক্ত ভবন ০২টি সরেজমিন পরিদর্শনপূর্বক অফিস ও বসবাসের অযোগ্য ও নিলামে অপসারণযোগ্য বলে বাস্তব অবস্থার প্রতিবেদন উপজেলা কনডেমনেশন কমিটির সভাপতি বরাবর দাখিল করেছেন এবং ভবন ০২টি নিম্নোক্তভাবে নিলাম মূল্য নির্ধারণ করেছেন। প্রাক্কলিত মূল্য সর্বমোট ৪৪,৫১৬/- (চুয়াল্লিশ হাজার পাঁচশত ষোল) টাকা। উক্ত ০২টি পরিত্যক্ত ঘোষণা ও নিলাম বিক্রয়ের জন্য প্রাক্কলিত মূল্য সভায় অনুমোদনের জন্য আহ্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণি সম্পদ দপ্তরের কৃত্রিম প্রজনন ও টিভিডি ভবন ০২টি উপজেলা প্রকৌশলী, কাহালু কর্তৃক পরিত্যক্ত ঘোষণা করে নির্ধারিত ০২টি ভবনের প্রাক্কলিত মূল্য ৪৪,৫১৬/- (চুয়াল্লিশ হাজার পাঁচশত ষোল) টাকা অনুমোদনসহ জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার কাহালু, বগুড়া |

| | | | | |
|---|---|---|---|---|
| (০৫) | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দূর্গাপুর বাজারে চারতলা ভিত্তি বিশিষ্ট দ্বিতল ভবন নির্মাণের অনুমতি পাওয়া গেছে যা বর্তমানে টেন্ডারের প্রক্রিয়াধীন। উক্ত প্রকল্পের আওতায় কাহালু বাজার এবং মালঞ্চা (কোলের) হাট নির্মাণের লক্ষ্যে প্রাথমিক তথ্যাদি চাহিয়া বাজার ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সহিত আলোচনা সাপেক্ষে মূল সড়কের পার্শ্বে ও দৃশ্যমান স্থানে চার তলা ভিত্তি বিশিষ্ট দ্বিতল ভবনের জায়গা (কমপক্ষে ৫০-১০০) প্রয়োজন। উল্লেখিত বাজার দুইটিতে উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার হাটের ফেরিফেরিসহ স্কেচম্যাপ দাখিল করেছেন)। | সভায় বিস্তারিত আলোচনান্তে দূর্গাপুর বাজারে চারতলা ভিত্তি বিশিষ্ট দ্বিতল ভবন নির্মাণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কাহালু বাজার ও মালঞ্চা হাট বাজারে উন্নয়নের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া |
| (০৬) | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে তার দপ্তরের মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ছিল ৪২০ জন। জুলাই ২০২১ কোন বরাদ্দ পাওয়া যায়নি এবং প্রশিক্ষণ প্রদান করা হয়নি। শুরু থেকে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ৭৬৯৩ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এর মধ্যে ১০৯৫ জনকে মোট ২,৬৩,৮৩,০০০/- (দুই কৌটি তেষট্টি লক্ষ তেরাশি হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.৩৪%। | ১) ঋণ আদায় জোরদার করতে হবে।<br>২) যুবদের প্রশিক্ষণ যথাযথভাবে প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহালু, বগুড়া। |
| ০৪ | বিবিধ আলোচনা (০১) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি ০১/০৮/২০২১ খ্রিষ্টাব্দের সভার সিদ্ধান্ত/সুপারিশক্রমে বিগত বাংলা ১৪২৬, ১৪২৭ ও ১৪২৮ সনের ১০% অর্থ দ্বারা এ উপজেলার অনুন্নত হাটের নিম্নবর্ণিত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" অনুমোদনের জন্য সুপারিশ করেছেন। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের দাখিলকৃত প্রকল্প কমিটি অনুমোদনের জন্য দাখিল করেছেন। পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির ০১/০৮/২০২১ খ্রিষ্টাব্দের সভার সিদ্ধান্ত/সুপারিশের আলোকে ১০% অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া।<br>চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি সকল, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০২) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে কাহালু উপজেলার বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবসমূহে জরুরী ভিত্তিতে ক্রীড়া সমগ্রী সরবরাহ করা প্রয়োজন। সে লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানসহ ক্লাব সমূহে ৪,০০,০০০/- টাকার ক্রীড়া সামগ্রী সরবরাহলের লক্ষ্যে প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" অনুমোদনের জন্য সুপারিশ করেছেন। সংশ্লিষ্ট প্রকল্প সভাপতি দাখিলকৃত প্রকল্প কমিটি | সভায় বিস্তারিত আলোচনান্তে কাহালু উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী ক্রয়ের ৪,০০,০০০/- টাকা উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা পরিশোধের নিমিত্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| | বিবিধ আলোচনা (০৩) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, মুরইল ইউপি হতে কালিতলা হাট রোড ভায়া পাইকড় বোনবোনাই সড়কের চেইনেজ ৩৯৩০ মিঃ বিদ্যমান বক্স কালভার্টটির টপ স্লাব ভেঙ্গে যাওয়ায় কালভার্টটি মেরামত করা জরুরী প্রয়োজন। উল্লেখ্য যে উক্ত প্রকল্পের কাজটি সম্পন্ন করতে আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। সে লক্ষ্যে উক্ত কাজগুলো উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে পরিশোধের নিমিত্ত পরিশিষ্ট "খ" অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুরইল ইউপি হতে কালিতলা হাট রোড ভায়া পাইকড় বোনবোনাই সড়কের চেইনেজ ৩৯৩০ মিঃ বিদ্যমান বক্স কালভার্টটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| | বিবিধ আলোচনা (০৪) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে দাপ্তরীক কার্যক্রম পরিচালনার নিমিত্ত ০২টি প্রিন্টারসহ ০২টি ডেস্কটোপ কম্পিউটার ক্রয় করা প্রয়োজন। কম্পিউটার সামগ্রী ক্রয় করতে আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। সে লক্ষ্যে উক্ত কম্পিউটার সমগ্রী কোটেশনের মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়ের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ে ০২টি প্রিন্টারসহ ০২টি ডেস্কটোপ কম্পিউটার স্পট কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৫) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের আবাসিক অফিসে আইপিএস না থাকায় প্রচন্ড গরমে আবাসিক অফিসে কাজ করা অসম্ভব হয়ে পরেছে। তাই উক্ত আবাসিক অফিসে ব্যবহারের জন্য আইপিএস ক্রয় করা প্রয়োজন। উক্ত আইপিএস ক্রয় করতে আনুমানিক ৪৬,৪১০/- টাকার প্রয়োজন। আবাসিক অফিসের আইপিএসটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়ের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের আবাসিক অফিসে আইপিএসটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ আলোচনা (০৬) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জুলাই ২০২১ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়- ৩৫,০০০/- টাকা এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/- টাকা, অডিটোরিয়ামের আসবাবপত্র ক্রয় ও মেরামত বাবদ ২,৪৮,১০০/- টাকা, আনসারদের সেড নির্মানের অগ্রীম বাবদ ৭,৯৩,১৪৯/- টাকা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার সরবরাহ বাবদ ১,৬৫,৭৫০/- টাকা এবং জুন/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৩৬,৬৩০/- টাকা বিধি মোতাবেক পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়সমূহ ভূতাপেক্ষ অনুমোদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে উক্ত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৮/২১

(আল্ হাসিবুল হাসান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের সাধারণ সভা
কাহালু, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া।
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৬.০০১.২০১৩- ৮২২(৩)

তারিখ ঃ ২৮ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সংসদ সদস্য ৩৯-বগুড়া-৪ (কাহালু-নন্দীগ্রাম) এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, বগুড়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৬। মেয়র, কাহালু পৌরসভা, কাহালু, বগুড়া।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া।
৮। উপজেলা----------------------------------------কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৯। চেয়ারম্যান-----------------------------ইউপি (সকল), কাহালু, বগুড়া।
১০। জনাব---------------------------------------------------,কাহালু, বগুড়া।

২২/০৮/২১

(মোঃ মাছুদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া।
ও
মুখ্য নির্বাহী অফিসার
উপজেল পরিষদ
টেলিফোন # ০২-৫৮৯৯১১৮০১
ই-মেইল ঃ unokahaloo@mopa.gov.bd